দীর্ঘকাল ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
পণ্ডিত-প্রেস
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৯শে আষাঢ় বুধবার, ১৩৭৫ ইং 3rd July 1968 | ৮-ম সংখ্যা



সকল ঘরের তরে…
**দীপ্তি লণ্ঠন**
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



**খাস জনতা**
কেরোসিন কুকার
দ্য ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লি.

**এই তো খেলার দিন—**
ফুটবল, বুট, এ্যাংক্লেট, হোস্
উল ও প্রসাধন সামগ্রী ইত্যাদি পাওয়া যায়।
পরীক্ষা প্রার্থনীয়।
কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ

স্টুডেন্টস ফেভারিট
স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

১৯শে আষাঢ় বুধবার সন ১৩৭৫ সাল।

## ॥ গম বিপ্লব ॥

--০—

মাংসাশী প্রাণী হইয়াও বাঘ কোনকালে ধান খাইয়াছিল কি না জানি না, তবে পরিস্থিতি বিবেচনায় তাহার ভক্ষ্য প্রাণী অমিল হইলে সে ধান হয়ত খাইতে পারে। আমরাও সেইরূপ অবস্থার বেগতিকে স্ব স্ব আঞ্চলিক অভ্যস্ত খাদ্য ভুলিয়া নানারূপ ক্লেশকর খাদ্যের দ্বারা জঠরজ্বালা নিবারণে বাধ্য হইয়াছি।

কিন্তু দুঃসহ ব্যথার অবসান হইতেছে। ভারতের কয়েকটি রাজ্যে গমের ফলন এমনই আশাতিরিক্ত হইয়াছে যে, অতঃপর 'ভেতো' ও 'গেহুঁ'-ভুক্ সকলেরই মুখে হাসি দেখা যাইবে। প্রথম শ্রেণীর লোকেরা ভুট্টা-মাইলোর পরিবর্তে কয়েকটি রুটি পাইবেন। আর দ্বিতীয় শ্রেণীর ভাগ্যবানেরা নিজের রুচিমাফিক খাদ্য পাইয়া নিশ্চিন্ত মনে বনের মহিষ তাড়াইবার সুযোগ লাভ করিবেন। সুতরাং চালের রাজ্যে ও গমের রাজ্যে পুলক জাগিয়াছে, যদিও পুলকের কারণ উভয় ক্ষেত্রেই পৃথক।

কিন্তু উল্লাস সরকারী পর্যায়েও দেখা যাইতেছে। তাই ১৯৬৮ সালটিকে গমের প্রচুর উৎপাদনের জন্য স্মরণীয় করিয়া রাখিবার ব্যবস্থা হইতেছে। ইহার নাম হইবে নাকি 'গম-বিপ্লব'। গম-বিপ্লবের নানা শ্রুতিসুখকর সংবাদ, সুচিন্তিত প্রবন্ধাদি হয়ত চতুর্দিকে ছড়াইয়া পড়িবে। পৃথিবীর বিভিন্ন দেশ হইতে আমরা লাভ করিব অভিনন্দন। তবে এইরূপ পুলক প্রকাশের ব্যবস্থা আপাতমধুর হইবে কি না সে বিষয়ে এখনই নিশ্চয় করিয়া কিছু বলা যায় না।

পাঞ্জাব-হরিয়ানা-উত্তরপ্রদেশ সমগ্র ভারতরাষ্ট্র নয়। ইহারা এই বৎসর গমের দিক দিয়া প্রচুর ফলন দেখাইয়াছে মাত্র। কিন্তু একদল যখন আনন্দে আত্মহারা, তখন আর কোথাও খাদ্যাভাব। তাই খাদ্য উৎপাদন ও ঘাটতি অঞ্চলের দাবী মিটানর ব্যাপারে যতদিন পর্যন্ত একটা স্থায়ী সুরাহা না আসিবে, ততদিন কৃতিত্ব জাহির না করাই ভাল। সারা দেহের স্বাস্থ্যহীনতা আড়াল করিয়া মুখটুকুর উপর প্রসাধনের প্রলেপে সৌন্দর্য বৃদ্ধির অপচেষ্টায় কাজের কাজ কিছু হয় না। কেরালা, বাংলা খাদ্যের ঘাটতি অঞ্চল; উড়িষ্যায় প্রবল খরা চলিতেছে। ইহাদের উপেক্ষা করিবে কে?

যে সব রাজ্যের চাষীভাই প্রাণপাত পরিশ্রম করিয়া প্রচুর গম ফলাইয়াছেন, আজ কৃতিত্ব তাঁহাদের। তাঁহারা খাদ্যের দুর্গতি দূর করার পবিত্র ভূমিকা গ্রহণ করিয়াছেন। সরকারী পর্যায়ে তাঁহাদের ব্যক্তিগতভাবে পুরস্কৃত করিয়া অধিক উৎপাদনে উৎসাহ দেওয়ার প্রয়োজন আজ সর্বাধিক। জলের দামে বাধ্য হইয়া তাঁহাদিগকে ফসল যেন বিক্রয় করিতে না হয় (অবশ্য তাহাই হইতেছে বলিয়া শুনা যাইতেছে), অথবা গম পচিতে থাকিলে এবং স্বাভাবিক চলাচলের ব্যবস্থা না থাকিলে অবস্থাটা খারাপের দিকে যাইবে। অর্থাৎ কৃষির ব্যাপারে চাষীদের মন্দোৎসাহ দেখা দিবে। আর তাহার ফলশ্রুতি হিসাবে দেশের খাদ্যোৎপাদন ব্যাহত হইবে; আমরাও পুনরায় বিদেশের দ্বারস্থ হইব। সুতরাং আত্মপ্রসাদ লাভ করিবার সময় এখনও হয় নাই। সমগ্র ভারতরাষ্ট্রের প্রতিটি প্রান্ত যখন খাদ্যশস্য উৎপাদনে অথবা সরবরাহে পর্যাপ্ত হইবে, যখন বুভুক্ষু-মিছিল থাকিবেনা, খরা অথবা বন্যায় আঞ্চলিক ভিত্তিতে ক্ষতি করিলেও তাহার মোকাবিলা করা যাইবে—তখনই আসিবে জাতীয় উল্লাস প্রকাশের মাহেন্দ্রক্ষণ। 'ভেতো'-রা গমে অভ্যস্ত হইতে প্রস্তুত; কিন্তু কৃষির মন্দা আর সহ্য হইতেছে না। 'গম-বিপ্লবে' মশগুল না হইয়া সুদিনের সূচনাকে কাজে লাগানই শ্রেয়।

——

## জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর

### সাধারণ নির্ব্বাচন

আগামী ২৮শে জুলাই '৬৮ রবিবার জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর সাধারণ নির্ব্বাচন হইবে। ১৫নং ওয়ার্ডে শ্রীসূর্য্যনারায়ণ ঘোষাল মহাশয় বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্ব্বাচিত হইয়াছেন। ১নং হইতে ১৪নং ওয়ার্ডে মোট ৪৫ জন প্রার্থী প্রতিযোগিতা করিবেন। ওয়ার্ডে ওয়ার্ডে সাজ সাজ রব উঠিয়াছে।

——

## ডাকাত ধরার অভিনব কাহিনী

### তরুণ সাব-ইন্সপেক্টরের কৃতিত্ব

বীরভূম ও মুর্শিদাবাদ জেলা সীমান্তের বিভিন্ন থানায় কয়েকটি ডাকাতির সঙ্গে সংশ্লিষ্ট তিনজন ডাকাতকে গত ৩০শে জুন বহরমপুর থানার দৌলতাবাদ বাজারে বহরমপুর থানার সাব-ইন্সপেক্টর নিখিল চক্রবর্ত্তী অদ্ভুত চতুরতার সঙ্গে গ্রেপ্তার করেছেন। অন্য মামলার তদন্তের জন্য সাব-ইন্সপেক্টর একজন হাবিলদারকে নিয়ে দৌলতাবাদ গিয়েছিলেন। তদন্তের পর ফেরার পথে তাঁরা তিনজন লোককে গোপনে কথা বলতে দেখেন। তাদের একজনের মুখে অনেক পোড়া দাগ ছিল। তার মুখের ফোসকা দেখে সাব-ইন্সপেক্টর শ্রীচক্রবর্ত্তীর সন্দেহ হয় যে এগুলি বোমা ফাটার দাগ। কারও হাতে বোমা দৈবাৎ ফাটলে মুখে এরকম পোড়া দাগ অনেক সময় হয়ে থাকে। লোকটির পরণে লুঙ্গি ও হাত ঢাকা সার্ট থাকায় অন্য পোড়া দাগ তখন দেখা যায়নি। সাব-ইন্সপেক্টর সন্দেহভাজন লোক তিনটিকে ডেকে এনে তাদের প্রশ্ন করতে থাকেন। তারা পুলিশের কাছে বলে যে ঘরে আগুন লাগার সময় লোকটির মুখ ওইভাবে পুড়ে যায় এবং তারা ময়ূরেশ্বর থানা থেকে দৌলতাবাদ কাঁঠাল খরিদ করতে এসেছে। তার পরেই সেই মুখ পোড়া লোকটি দারোগাকে কিছু টাকা দিতে আসে। শ্রীচক্রবর্ত্তী তখনই তাদের তিনজনকে গ্রেপ্তার করে মোটরবাসে বহরমপুর থানায় চালান দেন।

# নর-মাংসের বাজার দর

( 'বিদূষক' হইতে উদ্ধৃত )



পাশকরা ছেলে
বেচিবার তরে
ধরেছে পাল্লা দাঁড়ি।

ছেলের ওজনে
টাকাটা লইয়া
এক হাত নিবে মারি।

হাতীর চেয়েও
আক্রা বিক্রী
পাশকরা জানোয়ার।

ওজনে যতই
চাপাও কিন্তু
সমান হবেনা তার।

সোনার গয়না
টাকার থলিয়া
সঙ্গে দাও যদি মেয়ে,

কোনরূপে তাহা
হইবে না বেশী
পাশ করা বর চেয়ে।

গোটা বর কেনা
সাধ্য নহে মোর
বাঁধা দিয়ে জমি জাগা ?

বিদূষক কহে
এক ভাগ নিব
কেটে যদি দেয় ভাগা।

## প্রতিবাদ

'সাবকমিটি যে কাজের দায়িত্বভার গ্রহণ করিয়াছে সেই দায়িত্ব পালনের জন্য সমিতির হিসাবপত্রাদি পরীক্ষার প্রাথমিক কাজে ৩০।১০।৬৭ হইতে আজ পর্যন্ত প্রয়োজনীয় কাগজপত্র সমিতি সম্পাদক শ্রীবিশ্বেশ্বর চক্রবর্ত্তী মহাশয় সরবরাহ করিতে পারিতেছেন না বলিয়া কাজে বিলম্ব হইতেছে।'

বিনীত—
শ্রীহরিলাল দাস, সম্পাদক, সাবকমিটি।

১৪নং ওয়ার্ডে আসন্ন নির্ব্বাচনে
তরুণ সমাজসেবী
শ্রীজয়গোপাল দত্তকে



মার্কা

প্রতীকে ভোট দিয়া
জয়যুক্ত করুন

## কুখ্যাত ডাকাত গ্রেপ্তার

খড়গ্রাম থানার অধীন বালুর গ্রামে সম্প্রতি যে ডাকাতি হয়েছিল উক্ত ডাকাতির ডাকাত কনক মণ্ডল ( চন্দ্রপ্রসাদপুর ) ও হাবল সেখ ( শ্রীকণ্ঠপুর ) দুই সপ্তাহ আগে গ্রেপ্তার হয়। কনক মণ্ডলের নামে নরহত্যারও বহু অভিযোগ আছে। হিজল ফাঁড়ির এ-এস-আই শ্রীঅনিলকুমার ঘোষ নিজ বুদ্ধিমত্তার জোরে সুকৌশলে উক্ত ডাকাতদেরকে গ্রেপ্তার করতে সক্ষম হন।

## বাঘ মার্কা সিকি আধুলি

স্থানীয় বাজারে তৎসহ গ্রাম অঞ্চলেও বাঘ মার্কা সিকি ও আধুলি নিয়ে ক্রেতা বিক্রেতার মধ্যে তর্ক বিতর্ক ও সেই সঙ্গে কিছু উত্তেজনার সৃষ্টি হচ্ছে। বাঘ মার্কা সিকি আধুলি কি সত্যিই বাতিল হয়েছে ?







বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



অম্বলের যম **আরকানা** অম্বলের যম

অম্লশূল, পিত্তশূল, টক-বমি, অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, লিভার ব্যথা ও যাবতীয় পেটবেদনায় আশু ফলপ্রদ সকল সম্ভ্রান্ত ঔষধালয়ে পাইবেন

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**
**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ ( সদরঘাট )



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

**আর্ট ইউনিয়ন**

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
| --- | --- |
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |



**আর. পি. ওয়াচ কোং**

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

**পামারি**

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য সডাক ৪·০০ চারি টাকা, শহরে ৩·০০ তিন টাকা,
প্রতি সংখ্যা দশ পয়সা।

বিজ্ঞাপনের হার:—প্রতিবার প্রতি লাইন ৫০ পয়সা। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১·০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )